দৈনিক বাংলা

তারিখ 02 SEP 1992
পৃষ্ঠা ৭ কলাম ১

৩০

### টাঙ্গাইলে শিক্ষামন্ত্রী

# জাতীয়, উন্মুক্ত ও বেসরকারী বিশ্ববিদ্যালয়ের কার্যক্রম চলতি বছর শুরু হবে

টাঙ্গাইল, ১ সেপ্টেম্বর।–শিক্ষার বিস্তার ও এর মানোন্নয়নের লক্ষ্যে দেশে চলতি বছর থেকে জাতীয় বিশ্ববিদ্যালয়, উন্মুক্ত বিশ্ববিদ্যালয় এবং বেসরকারী বিশ্ববিদ্যালয়ের কার্যক্রম শুরু হবে। এ সম্পর্কিত প্রয়োজনীয় আইন প্রণয়নের জন্য জাতীয় সংসদের গত অধিবেশনে বিল উত্থাপিত হয়েছে।

শিক্ষামন্ত্রী ব্যারিস্টার জমিরউদ্দীন সরকার আজ টাঙ্গাইলের করটিয়া আবেদা খানম বালিকা উচ্চ বিদ্যালয়ের 'সুবর্ণ জয়ন্তী' উদযাপন অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে ভাষণদানকালে একথা বলেন। খবর তথ্য বিবরণীর।

ত্রাণ প্রতিমন্ত্রী লুৎফর রহমান খান অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন।

শিক্ষামন্ত্রী বলেন, যে দেশে নারী পুরুষের সংখ্যা প্রায় সমান,' সে দেশে ছেলেদের শিক্ষার সাথে মেয়েদের শিক্ষার উন্নতি ঘটাতে না পারলে দেশ ও জাতির উন্নয়ন সম্ভব নয়।

ত্রাণ প্রতিমন্ত্রী শিক্ষাঙ্গন থেকে চিরতরে সন্ত্রাস নির্মূল ও পরীক্ষায় নকলের প্রবণতা দূর করার আহ্বান জানিয়ে বলেন, শিক্ষাঙ্গনকে সন্ত্রাস ও দুর্নীতিমুক্ত করতে পারলে বিএনপি সরকারের চেষ্টায় আগামী ১০ বছরের মধ্যে বাংলাদেশ বিশ্বে একটি সুশিক্ষিত জাতি হিসাবে পরিচিতি লাভ করতে সক্ষম হবে।

বিদ্যালয়ের প্রধান শিক্ষয়িত্রী ফরিদা আক্তার বানুর সভানেত্রীত্বে অনুষ্ঠিত এই 'সুবর্ণ জয়ন্তী' উদযাপন অনুষ্ঠানে সাদত বিশ্ববিদ্যালয় কলেজের অধ্যক্ষ প্রফেসর তাহেরউদ্দীন আহমদ এবং বিএনপি'র কেন্দ্রীয় নেতা এন আই খানও উপস্থিত ছিলেন।

পরে শিক্ষামন্ত্রী জমিরউদ্দীন সরকার টাঙ্গাইলের কুমুদিনী সরকারী কলেজে এক ছাত্রী সমাবেশেও প্রধান অতিথি হিসাবে ভাষণ দেন।

কলেজের অধ্যক্ষা ডঃ সালমা বানুর সভানেত্রীত্বে অনুষ্ঠিত এ সমাবেশে ত্রাণ প্রতিমন্ত্রী লুৎফর রহমান খান বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন।